

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
গবেষণা শাখা-৩
www.moa.gov.bd

১২.০০.০০০০.০৬৩. ১২.০০৬.১৫. ৩২৫

তারিখ : ০৩/১১/২০১৫ খ্রিঃ
১৯/০৭/১৪২২ বঙ্গাঃ

বিষয় : মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২/১১/২০১৫ তারিখের ১৩৯৫নং স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য কোটা সংরক্ষণ সংক্রান্ত ০৬-০৩-২০০৮ তারিখের সম/২৫/বিবিধ/০৫/২২০৭১ সংখ্যক প্রজ্ঞাপনটি ভিত্তিহীন ও বানোয়াট (কপি সংযুক্ত)। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ ধরনের কোন প্রজ্ঞাপন জারী করা হয়নি। অধিকন্তু এ বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১২.০৬.২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.১৩৬.০৮-৬১৯ পত্রে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়,

- বর্ণিত প্রজ্ঞাপনের আলোকে কোন কার্যক্রম গ্রহণ না করার জন্য অনুরোধ করা হলো ; এবং
- বর্ণিত প্রজ্ঞাপনের আলোকে কোন কর্মকর্তা/কর্মচারী-কে ইতঃপূর্বে এ জাতীয় সুবিধা প্রদান করা হয়েছে কিনা সে বিষয়ে তথ্যসহ মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

সংযুক্ত : ০৩ ফর্দ।


০৩/১১/২০১৫ খ্রিঃ

(মো: হেমায়েৎ হুসেন)

যুগ্ম-সচিব

ফোন : ৯৫৬৬৬৩৪

research3503@gmail.com

বিতরণ :-

- মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা।
- মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।

অনুলিপি (সদয় জ্ঞার্থার্থে) :-

- সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
- প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- অতিরিক্ত-সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
- অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
(www.mopa.gov.bd)

নং-০৫.১১০.০০০০.০০.০০.১৩৬.০৮- ৬৯৯)

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ
১২ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত সরকারি কোটা অনুসরণ করে পদোন্নতি প্রদান সংক্রান্ত।

সূত্রঃ ইউ. ও নোট নং-০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৪৭, তারিখঃ ২০/০৫/২০১৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত সরকারি কোটা অনুসরণ করে পদোন্নতি প্রদান সংক্রান্ত গত ০৬.০৩.২০০৮ তারিখের সম/২৫/বিবিধ/০৫/-২২০৭১ নং প্রজ্ঞাপনটি জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারি করা হয়নি। বর্ণিত প্রজ্ঞাপনটি ভিত্তিহীন ও বানোয়াট মর্মে সকল মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করা হলো।

(মোঃ মাসুদুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০২১৮

sasadmin1@mopa.gov.bd

উপসচিব
বিষি-১ শাখা
জনপ্রশাসন মন্ত্রণালয়।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৫. মহা-পরিচালক, বিসিএস (প্রশাসন) একাডেমী, শাহবাগ, ঢাকা।
৬. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. মহা-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. মহা-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৯. মহা-পরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইক্সটন, ঢাকা।
১০. অফিস কপি/মাষ্টার ফাইল/গার্ড ফাইল।

স্বাধীনতা সঙ্গীত
১৯৭৮

স্বাঃ স্ফুর্তি-২

স্বাধীনতা সঙ্গীত

সংসদীয় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- সম/২৫/বিবিধ/০৫/-২২০৭১

তারিখ: ০৬-০৩-২০০৮ইং

প্রজ্ঞাপন

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রস্তাবিত সুপারিশের আলোকে সংসদীয় মন্ত্রণালয় সভায় প্রকৃতঃ মুক্তিযোদ্ধা কর্মরত সরকারী কর্মকর্তা / কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি প্রদানের জন্য নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বিধায় বর্ণিত শর্তে সংশ্লিষ্ট সকলকে বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে তা যথাযথ ভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। সরকারী চাকরীতে কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধা কর্মকর্তা / কর্মচারীদের বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংশ্লিষ্ট সরকারী কেটা প্রথা অনুসরণ করতে হবে।
- ২। বিভাগীয় পদোন্নতি প্রদানের ক্ষেত্রে সকল বিষি বিধান অনুসরণ করে যে কোন একটি বিষয় শিথিল করে সরকারী চাকরীতে কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধা কর্মকর্তা / কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি প্রদান করা যাবে।
- ৩। ইতিপূর্বে কোন প্রতিষ্ঠান কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধাদের যে কোন নিয়ম নীতির আলোকে বিভাগীয় পদোন্নতি প্রদান করে থাকলে তা বলবৎ থাকবে এবং প্রতিষ্ঠানের সুখ্যা রক্ষার স্বার্থে ভবিষ্যতেও একই নিয়ম নীতির আলোকে তা অব্যাহত থাকবে।
- ৪। কেবলমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সনদ পত্র প্রাপ্ত এবং সরকারী গেজেট শালিকায় নাম অর্ন্তুক্ত সরকারী চাকরীতে কর্মরত প্রকৃতঃ মুক্তিযোদ্ধাগণই শুধুমাত্র এ সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন।

স্বাক্ষরিত/-
০৬/০৩/০৮
(মোঃ মফিজুল হক)
উপ-সচিব (প্রশাসন)।”